

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
www.ddm.gov.bd

স্মারক নং : ৫১.০১.৪৬৬৭.০০০.৪১.০১৪.২৪-৬৬০

তারিখ : ১৭/১০/২০২৪ খ্রিস্টাব্দ।

বিষয় : ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য বাস্তবায়নযোগ্য সেতু/ কালভার্টের তালিকা (প্রস্তাব) প্রণয়ন ও বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী ও প্রকল্প তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০২৪.১৪.০০৬.১৯(অংশ-১).৭৪৬, তারিখ: ০৬/১০/২০২৪ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/ কালভার্ট নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরে জনস্বার্থ বিবেচনায় উপর্যুক্ত স্থানে বাস্তবায়নযোগ্য ০২ (দুই) টি কালভার্টের (০৪ মি: হতে ১২ মিটারের নিচে) অগ্রাধিকার তালিকা এমনভাবে প্রণয়ন করতে হবে যেনো কোন প্রকার স্থান পরিবর্তনের প্রয়োজন না হয় সেই ভাবে আগামী ২১/১০/২০২৪ তারিখের মধ্যে ইউনিয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণীসহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


এমতাবস্থায়, বাস্তবায়নযোগ্য সেতু/ কালভার্টের তালিকা (প্রস্তাব) নামের তালিকা নিম্নলিখিত ছক মোতাবেক প্রকল্প তালিকা দাখিল করতে হবে।

“ছক”

ক্র: নং	প্রকল্পের নাম	গ্রাম ও ওয়ার্ড নং	প্রস্তাবিত সেতু/ কালভার্টের দৈর্ঘ্য	মন্তব্য

শর্তাবলী: প্রকল্প প্রস্তাব প্রেরণের সময় অবশ্যই নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করতে হবে।

- জনবসতিপূর্ণ এলাকা, গ্রোথ সেন্টার, স্কুল/কলেজ, কমিউনিটি ক্লিনিক, মসজিদ/মন্দির, মাদ্রাসা ইত্যাদি এলাকা/প্রতিষ্ঠানের সংযোগ সড়ক অগ্রাধিকার দিয়ে স্থান নির্বাচন করতে হবে।
- উভয়পাশে যানবাহন চলাচল উপযোগী সংযোগ রাস্তা অবশ্যই থাকতে হবে।
- সেতু/ কালভার্টের দৈর্ঘ্যের সাথে খালের চওড়া সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
- কোন অবস্থাতেই খালের দুপার্শ্ব সংকোচন করে সেতু/ কালভার্টের প্রস্তাব করা যাবে না।
- জমি সংক্রান্ত জটিলতা হবে না নিশ্চিত হয়ে স্থান নির্বাচন করতে হবে।
- প্রস্তাবিত স্থানে অন্য কোন সংস্থা কর্তৃক ইতোমধ্যে সেতু/ কালভার্ট নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে কি না। তা নিশ্চিত হয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।



(তাহমিনা আফরোজ ভূঁইয়া)

উপজেলা নির্বাহী অফিসার

মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

চেয়ারম্যান/ সচিব, ইউনিয়ন পরিষদ,(সকল), মানিকছড়ি।

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- উপজেলা.....কর্মকর্তা, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- অফিস নথি।